নববর্ষ উপলক্ষ্যে জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি এইচ.এম. এরশাদের বাণী

Written by Administrator
Monday, 16 April 2018 08:18 - Last Updated Monday, 16 April 2018 08:39

প্রেস বিজ্ঞপ্তি

নববর্ষ উপলক্ষ্যে জাতীয় পার্টির চেয়ারম্যান

সাবেক রাষ্ট্রপতি এইচ.এম. এরশাদের বাণী

ঢাকা, ১৩ এপ্রিল ২০১৮ :

জাতীয় পার্টির চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ এমপি বাংলা নববর্ষ উপলক্ষ্যে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক বাণীতে সাবেক রাষ্ট্রপতি এরশাদ বলেন, ১৪২৫ সন দেশ ও জাতির জন্য বয়ে আনুক শান্তি ও সমৃদ্ধি এবং উন্নয়নের নিরবচ্ছিন্ন ধারা। এইচ.এম.এরশাদ আশা প্রকাশ করে বলেন, নতুন বছরে জন-জীবনের পুঞ্জিভূত সমস্যার সমাধানে অগ্রগতি হবে এবং উন্নয়ন ও সম্ভাবনার নতুন দিগন্ত উন্মোচিত করে বয়ে আনবে সুখ, শান্তি ও সমৃদ্ধি।

সাবেক রাষ্ট্রপতি বলেন, আমাদের হাজার বছরের ঐতিহ্যের ইতিহাসে জাতি সব সময় পয়লা বৈশাখকে বরণ করে নেয়ার আনন্দে মেতে উঠে। আমরা সীমাহীন সমস্যার মধ্যেও নববর্ষকে স্বাগত জানাই উৎসবের আমেজে নিয়ে। এইচ.এম.এরশাদ বলেন, বিগত ১৪২৪ সালের তিক্ত অভিজ্ঞতাকে মুছে ফেলে আমরা আগামী বছরের সময়টুকুকে স্মরণীয় করে রাখতে চাই- বিপন্ন দেশ ও জাতিকে রক্ষা করার মধ্য দিয়ে। সন্ত্রাস মুক্ত সমাজ, হিংসা হানাহানির অবসান এবং অর্থনৈতিক মুক্তি ও সুখী সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে যে কোন ত্যাগ স্বীকারের অঙ্গীকার গ্রহণ করতে হবে নতুন বছরের শুরুতেই।

1 / 1